

# জেলা পরিষদ, ফেনী

স্মারক নং-জেপাফে/প্রকৌঃ/বিবিধ/১৬-১৭/৪(৭)/২০১৫-৪৭০(২০০)

তারিখ : ২৪/০৮/২০১৬খ্রি:

## অস্থায়ী কম্পিউটার প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেনী জেলা পরিষদের অর্থায়নে ফেনী জেলার শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের অধীনে কম্পিউটার এপ্লিকেশনস ও ই-গভর্ন্যান্স ( ইন্টারনেট, ই-মেইল, ওয়েব সাইট, ই-টেন্ডার ইত্যাদি) কোর্সে প্রশিক্ষণ দানের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভাবে উপযুক্ত প্রশিক্ষক নিয়োগ করা হবে। প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও যোগাযোগের জন্য টেলিফোন / মোবাইল নম্বর উল্লেখ করত: সংশ্লিষ্ট কাগজপত্র ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ আগামী ১৮.০৯.২০১৬খ্রি: তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী বরাবরে স্বহস্তে লিখিত আবেদন জমা দিতে হবে।

### শর্তাবলী

- ১। প্রার্থীকে নূন্যতম কম্পিউটার প্রকৌশলে অনুমোদিত শিক্ষাবোর্ডের ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা পাশ এবং ফেনী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। প্রার্থীর বয়স ২০ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ৩। কোর্স চলাকালীন সময়ের জন্য এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রদান করা হবে এবং দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে ভাতা পাবেন। কোন মাসিক বেতন দেয়া হবেনা।
- ৪। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। প্রশিক্ষক নির্বাচনে প্রয়োজনে প্রার্থীগণের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নেয়া হবে।
- ৬। প্রার্থীর আবেদন যাচাই বাছাই করণ, পরীক্ষার সময় নির্ধারণ এবং প্রশিক্ষক নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(এহছানুল পারভেজ)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ফেনী।

ফোন নং-০৩৩১-৬১৪০১

e-mail : [ceo@zpfeni.gov.bd](mailto:ceo@zpfeni.gov.bd)